

## ঢাকায় আগমনের পর বিশ্ব ব্যাংকের প্রেসিডেন্ট পল উলফোউইচের বিবৃতি ২১ আগস্ট, ২০০৫

বিশ্ব ব্যাংকের প্রেসিডেন্ট হিসাবে এই প্রথমবারের মত আমি দক্ষিণ এশিয়া সফর করে বাংলাদেশে এর সমাপ্তিতে আসতে পেরে আনন্দিত।

বাংলাদেশের কিছু উল্লেখযোগ্য সাফল্যের কথা আমি শুনেছি বিশেষ করে মেয়ে শিশুদের শিক্ষা ও নারীর ক্ষমতায়নের ক্ষেত্রের সাফল্য।

যদিও খুব সংক্ষিপ্ত, তবুও আমার এই সফরের সময় যেসব নাগরিক এসব সাফল্যের প্রতিনিধি তাদের কারও কারও সংগে সাক্ষাত প্রত্যাশা করছি।

বাংলাদেশ দরিদ্রদের জন্য স্বাস্থ্য ও শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে, বিশেষ করে দরিদ্র নারী ও শিশুদের জন্য। ওইসব সাফল্যেও অধিকাংশই অর্জিত হয়েছে সমাজের একটা বিশেষ অংশের স্বউদ্যোগে।

কিন্তু এতসব অর্জনের পরেও, জাতীয়ভিত্তিক দারিদ্র সংকোচনের পথ সহজ নয়। কিন্তু এর চাইতেও অনেকবেশী অর্জিত হবে যদি সকল বাংলাদেশী দেশের দরিদ্রতম জনগনের উন্নতির জন্য এক হয়ে কাজ করে। এসব চড়াই উৎড়াই অতিক্রম করার সংগ্রামে বিশ্ব ব্যাংক যে বাংলাদেশের সাহায্যে থাকবে সেটা নিশ্চিত করার জন্যই আমি এখানে এসেছি। এবং আপনাদের সাফল্যে আমরাও হতে চাই সহকর্মী।

বাংলাদেশের উন্নয়ন সূচীতে বিশ্ব ব্যাংক একজন সক্রিয় সহকর্মী হিসাবে থাকার আশা রাখে।